

৪৬.০২০.০০৪.০১.০০.৭৩৫.২০১৫- ১১২৪৮

তারিখ : ৭/২/১৬


বিষয় : রীট পিটিশন নং-১১২৪৮/২০১৫, বাদী জনাব কবির আহমেদ, পিতা-মৃত ইউসুফ আলী, গ্রাম+পোষ্ট-
নাপিতখালী, উপজেলা+জেলা-কক্সবাজার এবং অন্যান্য-বনাম-সরকার ও অন্যান্য মামলায় প্রতিদ্বন্দ্বিতাকরণ
সংক্রান্ত।

কক্সবাজার জেলার সদর উপজেলাধীন ইসলামপুর ইউনিয়নের সীমানা স্পষ্টকরণ ও নতুনভাবে ওয়ার্ড
বিন্যাস/বিভাজিকরণ সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং
অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১১২৪৮/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক
দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি
জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল
করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise
statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি
ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের
মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর
বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।


০৭.০২.১৬
(মোঃ ইশান আলী রজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।
Email-ishanaliraja@gmail.com

১। জেলা প্রশাসক
কক্সবাজার।

২। সিনিয়র সহকারী সচিব (ইপ-১)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।